অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কবাসীদের আচরণগত স্বাস্থ্য চিকিৎসায় অ্যাক্সেস প্রাপ্তি সম্পর্কে সচেতন করতে গভর্নর হোকল জনসচেতনতামূলক ক্যাম্পেইন শুরু করেছেন

ক্যাম্পেইনটি জুন মাস পর্যন্ত চলবে; যা মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত সমস্যার চিকিৎসায় আরো অ্যাক্সেস নিশ্চিতে গভর্নরের উদ্যোগকে তুলে ধরে

'রিয়েল কেয়ার, রিয়েল অ্যাক্সেস টু বিহেভিয়ারাল হেলথ সার্ভিসেস' ক্যাম্পেইনটি নিউ ইয়র্কের নেটওয়ার্ক অ্যাডিকুয়েসি নীতিমালার অধীনে গ্রাহকদেরকে তাদের অধিকার সম্পর্কে সচেতন করে

জনসচেতনতামূলক ক্যাম্পেইনের বিজ্ঞাপনের ছবিগুলো পাওয়া যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত সমস্যার চিকিৎসা প্রাপ্তি সহজতর করার নিয়মগুলো সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের সচেতন করতে একটি জনসচেতনতামূলক ক্যাম্পেইন শুরুর ঘোষণা দিয়েছেন। 'রিয়েল কেয়ার, রিয়েল অ্যাক্সেস টু বিহেভিয়ারাল হেলথ সার্ভিসেস' (Real Care, Real Access to Behavioral Health Services) শীর্ষক এই ক্যাম্পেইনটি এমন কিছু নিয়মের ওপর আলোকপাত করে যা নির্দিষ্ট স্বাস্থ্য পরিকল্পনার আওতায় থাকা নিউ ইয়র্কবাসীদের আবেদন করার দশ কার্যদিবসের মধ্যে আচরণগত স্বাস্থ্যসেবার প্রাথমিক আউটপেশেন্ট অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত করে এবং বিমা প্রতিষ্ঠানগুলোকে বিমাকৃত ব্যক্তিদের প্রাপ্য সেবা পেতে সহায়তা করতে বাধ্য করে। এছাড়াও, এই ক্যাম্পেইনের অংশ হিসেবে একটি নতুন ওয়েবসাইট চালু করা হয়েছে যেখানে রোগীদের অধিকার এবং সেই অধিকার ক্ষুণ্ন হলে কিভাবে অভিযোগ দায়ের করতে হয়, তা সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে এবং বর্তমানে এটি আগের চেয়ে অনেক বেশি জরুরি কারণ সরকার এই পরিষেবার পরিধি আরো বৃদ্ধি করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই জনসচেতনতামূলক ক্যাম্পেইনটি শুরু করার মাধ্যমে, স্টেটের আরো বেশি মানুষ আচরণগত স্বাস্থ্য চিকিৎসার ক্ষেত্রে তাদের অধিকার সম্পর্কে জানতে পারবে এবং সাশ্রয়ী মূল্যের সেবাদানকারী খুঁজে পাবে।"

স্টেটের ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services) এবং অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health)-এর নেতৃত্বে পরিচালিত এই স্টেট ব্যাপী

জনসচেতনতামূলক ক্যাম্পেইনের লক্ষ্য হলো আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে নেটওয়ার্ক-ভুক্ত মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত চিকিৎসার সেবা গ্রহণে উৎসাহিত করা এবং এই নিয়মগুলোর অধীনে তাদের অধিকার সম্পর্কে সচেতন করা। জুন মাস পর্যন্ত সোশ্যাল মিডিয়া; ট্রান্সপোর্টেশন সাইনেজ এবং ডিজিটাল কিয়স্ক, প্রথাগত টেলিভিশন ও রেডিও এবং সার্চ ও স্ট্রিমিং সার্ভিসসহ বিভিন্ন ডিজিটাল ও আউট-অব-হোম প্ল্যাটফর্মে বহু-ভাষিক বিজ্ঞাপন প্রচার করা হবে।

এই ক্যাম্পেইনে নিউ ইয়র্কের আচরণগত স্বাস্থ্য সংক্রান্ত নিয়মাবলির মূল ভিত্তিগুলো তুলে ধরা হয়েছে, যার মধ্যে রয়েছে:

যথা সময়ে অ্যাপয়েন্টমেন্টসমূহ

নিউ ইয়র্কের আইনের অধীনে ব্যক্তিগত এবং গোষ্ঠী স্বাস্থ্য বিমা পলিসির আওতাভুক্ত নিউ ইয়র্কবাসী—যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট অব হেলথ মার্কেটপ্লেস (New York State of Health Marketplace), মেডিকেইড ম্যানেজড কেয়ার (Medicaid Managed Care), চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus) এবং এসেনশিয়াল প্ল্যান (Essential Plan)-এর মাধ্যমে কেনা পলিসিগুলোও অন্তর্ভুক্ত—তারা প্রাথমিক আউটপেশেন্ট ভিজিটের জন্য দশ কার্যদিবসের মধ্যে একজন মানসিক স্বাস্থ্য বা মাদকাসক্তি নিরাময় বিশেষজ্ঞের সাথে সাক্ষাৎ করার অধিকার রাখেন অথবা হাসপাতাল বা জরুরি বিভাগ থেকে ছাড়পত্র নেওয়ার পর ফলো-আপের জন্য সাত ক্যালেন্ডার দিবসের মধ্যে অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার অধিকার তাদের রয়েছে।

সেবা প্রদানকারী খুঁজে পেতে সহায়তা

স্বাস্থ্য পরিকল্পনাগুলোকে তাদের ওয়েবসাইটে স্বাস্থ্যসেবা প্রদানকারী নেটওয়ার্কের একটি সঠিক এবং হালনাগাদ তালিকা প্রকাশ করতে হবে, এতে সেবা প্রদানকারীর সিটি/টাউন ও জিপ কোড, টেলিহেলথ অপশন, কথা বলার ভাষা যদি তিনি স্বাস্থ্যসেবা পেশাদার হন, চিকিৎসা বা বয়সের ক্ষেত্রে কোনো সীমাবদ্ধতা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে তার সম্পৃক্ততাসহ অন্যান্য তথ্য থাকতে হবে।

নিয়ম অনুযায়ী, স্বাস্থ্য পরিকল্পনাগুলোতে নিবেদিত কর্মী থাকতে হবে যারা বিমাকৃত ব্যক্তিদের তাদের নির্দিষ্ট আচরণগত স্বাস্থ্য সমস্যার জন্য নেটওয়ার্কের ভেতর থেকে উপযুক্ত সেবা প্রদানকারী খুঁজে পেতে বিমাকৃত ব্যক্তিকে সহায়তা করবেন। এছাড়া, বিমাকৃত ব্যক্তি বা তার প্রতিনিধির অনুরোধের তিন কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য পরিকল্পনাগুলোকে বিমাকৃত ব্যক্তির নির্দিষ্ট আচরণগত স্বাস্থ্য সমস্যার চিকিৎসায় সক্ষম এমন নেটওয়ার্কের ভেতরের সেবা প্রদানকারীদের একটি তালিকা প্রদান করতে হবে।

নেটওয়ার্কের বাইরের চিকিৎসা সুবিধা

যথাযথ সেবা প্রদানকারী না থাকার কারণে যদি কোনো বিমাকৃত ব্যক্তি নির্দিষ্ট সময়ের মধ্যে তার নেটওয়ার্কের আওতাভুক্ত কোনো আচরণগত স্বাস্থ্যসেবা প্রদানকারী অ্যাপয়েন্টমেন্ট পেতে ব্যর্থ হন তাহলে সেই বিমাকৃত ব্যক্তি বা তার মনোনীত প্রতিনিধি স্বাস্থ্য পরিকল্পনা বরাবর একটি অ্যাক্সেস কমপ্লেন জমা দিতে পারেন। এই অভিযোগ পাওয়ার পর স্বাস্থ্য পরিকল্পনার হাতে তিন কার্যদিবস সময় থাকে এমন একজন নেটওয়ার্ক-ভুক্ত চিকিৎসক খুঁজে দেওয়ার জন্য, যিনি

সংশ্লিষ্ট বিমাকৃত ব্যক্তির আচরণগত স্বাস্থ্য সমস্যার চিকিৎসা করতে পারবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে অ্যাপয়েন্টমেন্ট দিতে সক্ষম।

কোনো বিমাকৃত ব্যক্তি বা তার মনোনীত প্রতিনিধি অভিযোগ জমা দেওয়ার পরও যদি নেটওয়ার্কের মধ্যে কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী পাওয়া না যায়, সেক্ষেত্রে স্বাস্থ্য পরিকল্পনাকে অবশ্যই নেটওয়ার্কের বাইরের একজন সেবাদানকারীর কাছ থেকে সেবা নেওয়ার অনুমতি দিতে হবে যিনি নির্দিষ্ট সময়ের মধ্যে অ্যাপয়েন্টমেন্ট দিতে পারবেন। সেবাপ্রাপ্তিতে খরচ যেন কখনো বাধা হয়ে না দাঁড়ায় তা নিশ্চিত করতে, নেটওয়ার্কভুক্ত চিকিৎসক না থাকার কারণে যদি নেটওয়ার্কের বাইরের সেবাদানকারী অনুমোদন করা হয়, তবে বিমাকৃত ব্যক্তিকে শুধুমাত্র তার নেটওয়ার্কভুক্ত পরিষেবার জন্য নির্ধারিত কো-পে, কো-ইন্স্যুরেন্স এবং ডিডাক্টিবল পরিশোধ করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট Kaitlin Asrow (কেইটলিন অ্যাসরো) বলেন, "ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের প্রাপ্য প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। এই সেবা পাওয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ হলো সচেতনতা — আর এই ক্যাম্পেইনের লক্ষ্য হলো এটি নিশ্চিত করা যেন প্রত্যেক পলিসিহোল্ডার নিউ ইয়র্কে তাদের আচরণগত স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার সম্পর্কে অবগত থাকেন।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার Dr. Ann Sullivan (ডা. অ্যান সুলিভান) বলেন, "এই নীতিগত পরিবর্তনগুলো এটি নিশ্চিত করছে যেন নিউ ইয়র্কবাসীরা সময়মতো আচরণগত স্বাস্থ্যসেবা পায় এবং বাণিজ্যিক বিমাকারীসহ অন্যান্য স্বাস্থ্য পরিকল্পনাগুলোতে তাদের সেবা দেওয়ার জন্য পর্যাপ্ত নেটওয়ার্ক থাকে। এই জনসচেতনতামূলক ক্যাম্পেইনটি ব্যক্তি ও পরিবারগুলোকে বর্তমানে কার্যকর হওয়া পরিবর্তনগুলো বুঝতে সাহায্য করবে এবং যখনই প্রয়োজন হবে, তখনই উচ্চ-মানের মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি নিরাময় পরিষেবা পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এই পরিবর্তনগুলোর প্রচার গভর্নর Hochul (হোকল)-এর সেই নিরন্তর প্রচেষ্টাকেই প্রতিফলিত করে, যার লক্ষ্য হলো সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য আচরণগত স্বাস্থ্যসেবার সুযোগ আরো সম্প্রসারিত করা।"

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডা. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "গভর্নর Hochul (হোকল) বোঝেন যে, মানসিক স্বাস্থ্য বা মাদকাসক্তি নিরাময় সেবার প্রয়োজন আছে এমন ব্যক্তিদের জন্য প্রথম ধাপ হলো—কী কী পরিষেবা রয়েছে এবং সেগুলো কোথায় পাওয়া যাবে তা জানা। এই জনসচেতনতামূলক ক্যাম্পেইনটি নিউ ইয়র্কবাসীদের তাদের জন্য বিদ্যমান বিকল্পগুলো খুঁজে পেতে সাহায্য করবে, যাতে তারা যথা সময়ে অ্যাপয়েন্টমেন্ট পেতে পারেন, নেটওয়ার্কভুক্ত সেবাদানকারী খুঁজে পান এবং নেটওয়ার্কভুক্ত সেবা না পাওয়া গেলে কোনো অতিরিক্ত খরচ ছাড়াই চিকিৎসা সেবা গ্রহণ করতে পারেন। নিউ ইয়র্ক স্টেট জীবন রক্ষাকারী স্বাস্থ্য এবং আচরণগত স্বাস্থ্য পরিষেবাগুলোর পরিধি বাড়াতে এবং চিকিৎসার পথে আসা বাধাগুলো দূর করতে অগ্রণী ভূমিকা পালন করে যাবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস-এর কমিশনার Dr. Chinazo Cunningham (ডা. চিনাজো কানিংহাম) বলেন, "নিউ ইয়র্কবাসীদের চাহিদা অনুযায়ী তাদের প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত সমস্যার চিকিৎসা পেতে হিমশিম খাওয়া উচিত নয়। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট আচরণগত স্বাস্থ্যসেবার সুযোগ শক্তিশালী করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে এবং এই উদ্যোগটি স্বাস্থ্য পরিকল্পনাগুলোতে যথা সময়ে অ্যাপয়েন্টমেন্ট এবং শক্তিশালী জবাবদিহিতা নিশ্চিত করার মাধ্যমে সমতাপূর্ণ সেবাপ্রাপ্তিকে আরো ত্বরান্বিত করবে।"

স্টেট সিনেটর Samra Brouk (স্যামরা ব্রুক) বলেন, "সিনেট মেন্টাল হেলথ কমিটির চেয়ারম্যান হিসেবে, আমি মনে করি আমাদের বাসিন্দাদের প্রয়োজনীয় জরুরি সেবা নিশ্চিত করার জন্য সেটি পাওয়ার সুযোগ থাকাটা অত্যন্ত জরুরি। নিউ ইয়র্ক স্টেটে আচরণগত স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং রোগীর অধিকার রক্ষায় গভর্নর Hochul (হোকল)-এর প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। সকল নিউইয়র্কবাসীর কল্যাণের জন্য প্রতিটি কমিউনিটিতে পর্যাপ্ত সেবা প্রদানকারী নেটওয়ার্ক নিশ্চিত করতে বিমা প্রতিষ্ঠানগুলোকে অবশ্যই দায়বদ্ধ থাকতে হবে।"

স্টেট সিনেটর Nathalia Fernandez (নাথালিয়া ফার্নান্দেজ) বলেন, "মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত সমস্যার চিকিৎসা পাওয়া কোনো ঐচ্ছিক বিষয় নয়। এটি আমাদের স্বাস্থ্য ব্যবস্থার একটি মৌলিক অংশ। এই নিয়মগুলো এটিই পুনর্ব্যক্ত করে যে, রোগীদের অধিকার আছে এবং বিমা প্রতিষ্ঠানগুলোর দায়িত্ব রয়েছে। যথা সময়ে অ্যাপয়েন্টমেন্টের সুনির্দিষ্ট মানদণ্ড, সেবাদানকারীদের স্বচ্ছ নেটওয়ার্ক এবং বিমা প্রতিষ্ঠানগুলোর সঠিক জবাবদিহিতা নিশ্চিত করবে যে, নিউ ইয়র্কবাসীরা প্রয়োজনে সঠিক সময়ে চিকিৎসা সেবা পাচ্ছেন।"

অ্যাসেম্বলি মেম্বার Jo Anne Simon (জো অ্যান সাইমন) বলেন, "মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত সমস্যার চিকিৎসা অবশ্যই সময়োপযোগী, স্বচ্ছ এবং অন্য যেকোনো চিকিৎসাগত সমস্যার মতোই জরুরি ভিত্তিতে হওয়া উচিত। স্টেট ব্যাপী এই নতুন জনসচেতনতামূলক ক্যাম্পেইনটি নিউ ইয়র্কবাসীদের তাদের অধিকার বুঝতে, বিমার আওতা সম্পর্কে জানতে এবং কোনো বিলম্ব ছাড়াই চিকিৎসা সেবা পেতে সহায়তা করবে। মানসিক স্বাস্থ্যসেবা এবং এর চিকিৎসা ব্যবস্থার উন্নয়নে গভর্নর Hochul (হোকল)-এর এই অঙ্গীকারের আমি ভূয়সী প্রশংসা করছি।"

এই নিয়মগুলো সেলফ-ফান্ডেড এমপ্লয়ি রিটায়ারমেন্ট ইনকাম সিকিউরিটি অ্যাক্ট (Employee Retirement Income Security Act, ERISA) পরিকল্পনার ক্ষেত্রে প্রযোজ্য নয়। বিমা কভারেজ সম্পর্কে নিশ্চিত নন এমন নিউ ইয়র্কবাসীগণকে তাদের নিজস্ব বিমাকারী প্রতিষ্ঠান বা নিয়োগকর্তার সাথে যোগাযোগ করতে হবে। যাদের মানসিক স্বাস্থ্য অথবা মাদকাসক্তি জনিত সমস্যার জন্য পরিষেবার প্রয়োজন, তাদের বিমা পলিসিতে কোন বিষয়গুলো অন্তর্ভুক্ত আছে তা যাচাই করে নেওয়া উচিত।

নীতিমালা মেনে চলে না এমন স্বাস্থ্য পরিকল্পনাগুলোর বিরুদ্ধে নিউ ইয়র্কবাসীগণ অভিযোগ দায়ের করতে পারেন। মেডিকেড, এসেনশিয়াল প্ল্যান অথবা চাইল্ড হেলথ প্লাস-এর আওতাভুক্ত

নিউ ইয়র্কবাসীগণ স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (State Department of Health)-এ অভিযোগ দায়ের করতে পারেন; অন্যদিকে যাদের স্টেট-রেগুলেটেড বাণিজ্যিক বিমা সুবিধা রয়েছে, তারা DFS-এ অভিযোগ জানাতে পারেন। নতুন ওয়েবসাইটটিতে মানসিক স্বাস্থ্য এবং মাদকাসক্তিজনিত সমস্যার কভারেজের শর্তাবলি, সুরক্ষা এবং কিভাবে অভিযোগ করতে হয় তা সম্পর্কে বিস্তারিত তথ্য দেওয়া হয়েছে; আরো জানতে ভিজিট করুন এখানে।

কমিউনিটি হেলথ অ্যাক্সেস টু অ্যাডিকশন অ্যান্ড মেন্টাল হেলথকেয়ার প্রজেক্ট বা (The Community Health Access to Addiction & Mental Healthcare Project, CHAMP) হলো এমন একটি রিসোর্স যা মাদকাসক্তি এবং মানসিক স্বাস্থ্যসেবা সংক্রান্ত বিমা সমস্যায় মানুষকে সাহায্য করে। CHAMP আপনার প্রশ্নের উত্তর দিতে পারে, বিমা কোম্পানিগুলোর বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে সাহায্য করতে পারে এবং বিমা সুবিধা প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপিল করতে সহায়তা করতে পারে। আরো জানতে, www.champny.org ভিজিট করুন অথবা CHAMP-এর হটলাইন 1-888-614-5400 নম্বরে কল করুন।

যেসব নিউ ইয়র্কবাসী মাদকাসক্তির সাথে লড়াই করছেন অথবা যাদের প্রিয়জনরা এই সমস্যায় ভুগছেন, তারা সাহায্যের জন্য 24-ঘণ্টা, সপ্তাহে 7 দিন স্টেটের টোল-ফ্রি নম্বর 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ কল করতে পারেন অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন